

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩১২

বিলোনীয়া, ১২ আগস্ট, ২০২৫

স্বাধীনতা দিবস উদযাপন :
বিলোনীয়ায় সেমিনার অনুষ্ঠিত

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে এবং হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ বিলোনীয়াস্থিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ে ‘আজাদি : উড়ান লব্ব কি ওর’ নামে এক সেমিনার অনুষ্ঠিত হয়। দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই সেমিনারে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মোঃ সাজ্জাদ পি, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ মনোরঞ্জন দাস, জেলাশাসক কার্যালয়ের সিনিয়র ডেপুটি কালেক্টর দেবজ্যোতি রায়, ইউ.পি.এস.সি. পরীক্ষায় সফলতা অর্জনকারী সাগর দত্ত মজুমদার, টি.পি.এস.সি. পরীক্ষায় আই.সি.ডি.এস. সুপারভাইজার পোস্টে প্রথম স্থানাধিকারী প্রশান্ত দেবনাথ প্রমুখ। সেমিনারে মহাবিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। সেখানে অতিথিগণ ছাত্রছাত্রীদের ভবিষ্যতে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার পাশাপাশি নিজেস্ব কৰ্মক্ষেত্রে কিভাবে প্রতিষ্ঠিত করা যায় সে ব্যাপারে তাঁদের পরামর্শ দেন এবং ছাত্রছাত্রীদের সাথে মতবিনিময় করেন। এছাড়া জেলার কিশোর-কিশোরীদের মাদকাসক্তি, স্কুল ড্রপ আউট, বাল্যবিবাহ, সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রতি আসক্তি ইত্যাদির কু-প্রভাব সম্পর্কে অবহিত করার লক্ষ্যে দক্ষিণ জেলার উদ্যোগে ‘জাগ্রত’ নামে একটি কর্মসূচির উপরও বিস্তারিত আলোচনা করেন জেলাশাসক মোঃ সাজ্জাদ পি।

উল্লেখ্য, ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে এবং হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে দক্ষিণ ত্রিপুরা জেলাজুড়ে তিরঙ্গা র্যালি, বসে আঁকো প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, সেমিনার ইত্যাদি বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হচ্ছে।
